



অনলাইন
নিরাপত্তা নিশ্চিত
করতে করণীয়



Digital
Literacy
Center



আমাকে
একটা পরামর্শ দিতে
পারবি?

কী পরামর্শ জলদি বলো
আমার অনেক পড়া বাকী

শোন তুই তো
আমাকে বলেছিলি অসাবধানতা
বা অসতর্কতার কারণে
বিভিন্ন রকমের অনলাইন
ঝুঁকির শিকার হতে পারি

হ্যাঁ বলেছিলাম। আবার কোনো বিপদে পড়েছো?

বেশি বুদ্ধিস না শোন, ডিজিটাল পরিমণ্ডলে নানা ধরণের ঝুঁকি থেকে
রক্ষার জন্য সচেতন হওয়ার সাথে সাথে অনলাইনে নিরাপত্তা নিশ্চিত
করার জন্য কিছু কী করণীয় আছে? সে সম্পর্কে জানতে চাচ্ছি

কেন থাকবে না?
অবশ্যই আছে।

তাহলে
ভাই আমাকে
একটু বলবি?

বলছি শোনো,

প্রথমে তোমাকে অনলাইনের ঝুঁকিগুলো
সম্পর্কে জানতে হবে।

ইন্টারনেট ব্যবহার করার ক্ষেত্রে ব্যক্তিগত
তথ্যাবলী শেয়ারের সময় সতর্ক হতে হবে।

অপরিচিত ব্যক্তিদের সাথে অনলাইনে
যোগাযোগ করা থেকে বিরত থাকবে।

ঠিক আছে,
তারপর??

তারপর হলো,

ফ্রিশিং থেকে বাঁচতে ইমেইল কিংবা মেসেজে
পরিচিত বা অপরিচিত উৎস থেকে প্রাপ্ত
সন্দেহজনক লিঙ্কসমূহে প্রবেশ করা যাবে না।

একটি শক্তিশালী Unique পাসওয়ার্ড এর
সাহায্যে অ্যাকাউন্টকে নিরাপদ রাখতে হবে।

এজন্য পাসওয়ার্ড নির্বাচনে সতর্ক থাকবে।

তোমার যদি কোনো ব্যক্তিগত অ্যাকাউন্ট থাকে তাহলে
সেগুলোর জন্য 'প্রাইভেসি সেটিংস তথা নিরাপত্তা
নিশ্চিতকরণ প্রক্রিয়াসমূহ' চালু রাখতে হবে।

প্রয়োজনে এ বিষয়ে অভিজ্ঞ নিকটজনের সহায়তা নিবে।

বুঝেছো?

বুঝেছি, তারপর?

তারপর ডিভাইসের সুরক্ষায় আপডেটেড
এন্টিভাইরাস সফটওয়্যার ব্যবহার করবে।

এছাড়া কোনো তথ্য, ফাইল কিংবা নতুন আপডেট
ডাউনলোডের ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করবে।

এক্ষেত্রে উৎসের নির্ভরযোগ্যতা যাচাই করা জরুরি।

মনে থাকবে তো সব?

থাকবে।
আর না থাকলে তো
তুই আছিসই।

তা আছি কিন্তু তোমার নিরাপত্তা
তোমাকেই নিশ্চিত করতে হবে।

আচ্ছা।
তোকে অনেক
ধন্যবাদ ভাই।